দৈনিক বাংলা

তারিখ ... ১২।৫।৮৩ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

002

# বিভিন্ন জেলায় প্রাথমিক বিদ্যালয় সংস্কার ও নির্মাণ কাজ চলছে

চলতি আর্থিক বছরে দেশের বিভিন্ন জেলায় প্রাথমিক বিদ্যালয়ের সংস্কার ও নির্মাণের কাজ পুরোদমে এগিয়ে চলেছে।

ইতিমধ্যে কুমিল্লা জেলায় ৩০টি, ফরিদপুরে ১৩টি, কুষ্টিয়ায় ৩০টি, রংপুর ৩৭টি, সিলেটে ১৫টি এবং টাঙ্গাইলে ১০টি স্কুল গৃহ নির্মাণের কাজ শেষ হয়েছে। এতে ব্যয় হয়েছে প্রায় ১ কোটি ৮৫ লাখ টাকা। গৃহীত প্রকল্পগুলোর মধ্যে ৫৫০টি স্কুল নির্মাণের কাজও সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে এবং এতে প্রায় ৭ কোটি ৪০ লক্ষ টাকা ব্যয় হবে।

এছাড়া কুমিল্লার ১২০টি, কুষ্টিয়ার ১১০টি, ফরিদপুরের ১২৫টি, রংপুরের ২০০টি, সিলেটের ১০টি এবং টাঙ্গাইলের ৯০টি স্কুলে প্রায় ৬১ লাখ টাকা ব্যয়ে একটি করে টয়লেট নির্মাণের কাজও যথাযথ সমাপ্ত হয়েছে। এসব জেলায় চলতি বছরে ৫৪ লাখ টাকা ব্যয়ে আরও ৪৫০টি স্কুলে টয়লেট নির্মাণ করা হবে।

প্রাথমিক শিক্ষার প্রশিক্ষণ ব্যবস্থা উন্নয়নের জন্যে বিশ্ব ব্যাংক সাহায্য-পুষ্ট সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রকল্পের অধীনে টাঙ্গাইল, ঝিনাইদহ গোপালগঞ্জ, সিলেট এবং ব্রাহ্মণবাড়িয়ার প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটগুলিতে ৩৫ লাখ টাকা ব্যয়ে হোস্টেল সম্প্রসারণের কাজও শেষ হয়েছে। খবর তথ্য বিবরণীর।